দৈনিক ইনকিলাব

তারিখ ...12 DEC 1992...
পৃষ্ঠা... ৬ ... কলাম ... ৩ ...

# শিক্ষাঙ্গন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে দু'টি নতুন বিভাগ কম্পিউটার সায়েন্স ও বিবিএ

কম্পিউটার সায়েন্স ও বিবিএ নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ে দু'টি নতুন বিভাগ ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষ থেকে চালু হচ্ছে বলে প্রকাশ। যারা পদার্থবিদ্যা, ফলিতপদার্থ, গণিত ও পরিসংখ্যান থেকে অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হবেন তারাই কম্পিউটার সায়েন্সে মাস্টার্স করতে পারবেন। আরো উল্লেখ্য যে, কম্পিউটার সায়েন্স বিভাগটি ১৯৯২ সালের ১লা সেপ্টেম্বর থেকে কার্যক্রম শুরু করেছে। '৯৩ সালের জানুয়ারী মাসে ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হবে এবং একই বছরের মাঝামাঝি সময় থেকে ২০ জন ছাত্র নিয়ে ক্লাস শুরু হবে।

এখন প্রশ্ন, কম্পিউটার সায়েন্স বিভাগটিতে শুধুমাত্র উপরোক্ত চারটি বিভাগের ছাত্ররাই পড়ার একমাত্র উত্তরাধিকার। বিএসসি (গণিত ও পদার্থসহ) পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্ররা অর্থাৎ যারা SSC/HSC এবং BSC (গণিত ও পদার্থ সহ) এই তিনটি পরীক্ষার সবগুলোতেই প্রথম বিভাগ এবং অপরটিতে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে, কি কারণে তারা কম্পিউটার সায়েন্স বিভাগটিতে পড়ার অধিকার থেকে বঞ্চিত হবে? নিঃসন্দেহে তারা মেধাবী ছাত্র কিংবা উক্ত বিভাগে পড়ার মত তাদেরও যোগ্যতা রয়েছে।

অনেক মেধাবী ছাত্র আছে যারা অর্থাভাবে কিংবা পারিবারিক কোন কারণে, প্রবল ইচ্ছা থাকা সত্ত্বেও প্রাচ্যের অক্সফোর্ড নামে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ের মত প্রতিষ্ঠানে লেখাপড়া করতে পারে না। এ ছাড়াও অনেক ছাত্র আছে যারা নিজেদের পছন্দনীয় বিষয়টি না পেয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে অবশেষে ছেড়ে দিতে (মাইগ্রেশন না হওয়ার কারণে) বাধ্য হয়। আমি নিজেও এই পরিস্থিতির শিকার। আমার রোল (প্রাণিবিদ্যা বিভাগ, ঢাঃ বিঃ) শ-৩৪২৪।

ফলে নিরুপায় হয়ে তারা ভর্তি হতে বাধ্য হয় স্নাতক ডিগ্রী লাভ করার জন্য স্ব-সব এলাকার কলেজে। কিন্তু সেখানেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদেরকে সুদৃষ্টিতে দেখেন না। বলতে গেলে তাদের উপর নির্যাতন করা হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএসসি (পাস) পরীক্ষার প্রশ্নপত্র এবং ফলাফল থেকেও এর কিছু প্রমাণ পাওয়া যায়। প্রশ্নকর্তারা যখন প্রশ্ন করেন তখন মনে হয় যে, তারা ভুলে যান, এটা তিন (৩) ঘন্টার পরীক্ষা।

এত প্রতিকূলতা পেরিয়েও কিছু ছাত্র/ছাত্রী ভাল রেজাল্ট করে আসছে। সুতরাং তারা যদি প্রতিযোগিতামূলক পরীক্ষায় উপরে উল্লেখিত চারটি বিভাগের ছাত্রদের সাথে প্রতিযোগিতায় নির্বাচিত হয়, তাহলে সেই ক্ষেত্রে কোন আপত্তি থাকার কথা থাকছে বলে তো মনে হয় না।

তাই কম্পিউটার কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন এসএসসি/এইচএসসি এবং বিএসসি (গণিত ও পদার্থসহ) এই তিনটি পরীক্ষায় ন্যূনতম যে কোন দু'টিতে প্রথম বিভাগ এবং অপরটিতে দ্বিতীয় বিভাগ অর্জনকারী অর্থাৎ সর্বমোট ৮ পয়েন্টধারী ছাত্রদেরকে কম্পিউটার সায়েন্স বিভাগটিতে পড়ার যোগ্য বলে প্রতিযোগিতামূলক পরীক্ষায় (ভর্তি পরীক্ষায়) অংশ গ্রহণ করার অনুমতি দিয়ে উচ্চ শিক্ষার পথ প্রশস্ত করুন।

—এ, বি, এম, মাহবুবুর রহমান